



পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮)

৩৭/৩/এ, ইন্সটান গার্ডেন রোড

ঢাকা-১০০০

[www.pallisanchaybank.gov.bd](http://www.pallisanchaybank.gov.bd)



স্মারক নং-পসব্য/প্রকা/প্রশা-১১৫/২০২০-২১/৫২৮৭

তারিখঃ ২৯/০৬/২০২১খ্রি.

বিষয়ঃ আমার বাড়ি আমার খামার প্রকল্পের কাজ পল্লী সঞ্চয় ব্যাংকের মাধ্যমে পরিচালনা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিশেষ উদ্যোগ আমার বাড়ি আমার খামার প্রকল্পের কার্যক্রমকে প্রাতিষ্ঠানিককরণের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর অভিপ্রায়ে পল্লী সঞ্চয় ব্যাংক প্রতিষ্ঠিত হয়েছে। ২০১৭ সাল হতে প্রকল্প ও ব্যাংক উভয়ের কাজ একসাথে চলমান আছে। পল্লী সঞ্চয় ব্যাংক আইন, ২০১৪ এর বিধান অনুযায়ী পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ ১৭ জুন, ২০২১ তারিখের আদেশ নং ৪৭.০০.০০০০.০৩৭.১৪.০৪৭.২০-৭৬ মূলে আমার বাড়ি আমার খামার প্রকল্প ৩০ জুন, ২০২১ তারিখ উত্তীর্ণ হলে বিলুপ্ত ঘোষণা করা হয়েছে। প্রকল্প এবং ব্যাংকের কার্যক্রম একইসাথে উপজেলা নির্বাহী অফিসারদের সরাসরি তত্তাবধানে পরিচালিত হয়ে আসছে। বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকগণ উহার কার্যক্রম পর্যবেক্ষণ/পরিবীক্ষণ করেন। পল্লী সঞ্চয় ব্যাংকের মাঠ পর্যায়ের কাজ তত্তাবধান ও পর্যবেক্ষণ এর বিষয়ে ব্যাংকের পরিচালনা বোর্ডের ১৭/০৬/২০২১ তারিখ অনুষ্ঠিত ৬৫তম সভায় আলোচনা হয়। পরিচালনা বোর্ড প্রকল্প চলাকালীন সময়ে অনুসৃত পদ্ধতি ব্যাংকের কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে অব্যাহত রাখার সিদ্ধান্ত প্রদান করে।

এমতাবস্থায়, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিশেষ উদ্যোগ আমার বাড়ি আমার খামার এর স্থায়ীরূপ পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম পরিচালনায় আপনার সহযোগিতা পূর্বের ন্যায় অব্যাহত রাখার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

(আকবর হোসেন)

ব্যবস্থাপনা পরিচালক (অতি: সচিব)

পল্লী সঞ্চয় ব্যাংক

ফোন:৯৩৫৯০৮৩ ফ্যাক্স: ৯৩৪৮২০৬

উপজেলা নির্বাহী অফিসার (সকল)

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

১. সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. বিভাগীয় কমিশনার (সকল);
৪. জেলা প্রশাসক (সকল);
৫. জেলা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, পল্লী সঞ্চয় ব্যাংক (সকল);
৬. শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক (সকল);
৭. নথি।